

💵 সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ৬৬৯

২/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৯৪. কাতার সোজা করা

باب تَسْوِيَةِ الصُّفُوفِ

আরবী

حَدَّثَنَا قُتَيْبَةُ، حَدَّثَنَا حَاتِمُ بْنُ إِسْمَاعِيلَ، عَنْ مُصنْعَب بْنِ قَابِت بْنِ عَبْدِ اللهِ بْنِ الزُّبَيْرِ، عَنْ مُصنْعَب بْنِ قَالَ صَلَّيْتُ إِلَى جَنْب أَنس بْنِ عَنْ مُحَمَّدِ بْنِ مُسْلِمِ بْنِ السَّائِب، صَاحِب الْمَقْصُورَةِ قَالَ صَلَّيْتُ إِلَى جَنْب أَنس بْنِ مَالِكٍ يَوْمًا فَقَالَ هَلْ تَدْرِي لِمَ صُنِعَ هَذَا الْعُودُ فَقُلْتُ لَا وَاللهِ . قَالَ كَانَ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم يَضَعُ يَدَهُ عَلَيْهِ فَيَقُولُ " اسْتَوُوا وَعَدِّلُوا صَنُفُوفَكُمْ " .

_ ضعیف

বাংলা

৬৬৯। প্রাসাদের মালিক মুহাম্মাদ ইবনু মুসলিম ইবনুস সায়িব সূত্রে বর্ণিত। তিনি বলেন, একদা আমি আনাস ইবনু মালিক (রাঃ)-এর পাশে দাঁড়িয়ে সালাত আদায় করলাম। তিনি বললেন, তুমি কি জানো (মসজিদে নাবাবীতে) এ কাষ্ঠ খন্ডটি কেন তৈরী করা হয়েছে? আমি বললাম, আল্লাহর শপথ! আমি জানি না। তিনি বললেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর উপর তাঁর হাত রেখে বলতেনঃ তোমরা সোজা হয়ে যাও এবং তোমাদের কাতারসমূহ বরাবর করে নাও।[1]

দুর্বল।

English

Muhammad b. Muslim b. al-Sa'ib said:

one day I prayed by the side of Anas b. Malik. He said; Do you know why this stick is placed here? I said: No, by Allah. He said; The Messenger of Allah ((**)) used to put his hand upon it and say: Keep straight and straighten your rows.



ফুটনোট

[1] আহমাদ (৩/১৫৪), বায়হাক্কী (২/২২) উভয় মুস'আব ইবনু সাবিত সূত্রে। তাবরীযী 'মিশকাতুল মাসাবীহ (১০৯৮)। এর সনদ দুর্বল। সনদের মুস'আব ইবনু সাবিত সম্পর্কে হাফিয 'আত-তাক্করীব' গ্রন্থে বলেন, তিনি হাদীস বর্ণনায় শিথিল। আর মুহাম্মাদ ইবনু মুসলিম ইবনু সায়িব অজ্ঞাত ব্যক্তি।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী

<u> হ্রাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন</u>